রেজিস্ট্রারের কার্যালয়
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ
কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০
ওয়েব: www.uftb.ac.bd
ই-মেইল: registrar@uftb.ac.bd

Office of the Registrar
University of Frontier Technology, Bangladesh
Kaliakair, Gazipur-1750
Web: www.uftb.ac.bd
E-mail: registrar@uftb.ac.bd

স্মারক: ৩৭.০১.৩৩০৫.০৩৩.৬০.০১৫.২৫. ০০১৬

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩ / ৬ জুলাই ২০২৬

ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ-এ ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক শ্রেণিতে প্রাথমিক ভর্তি নিশ্চায়নকারী শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ-এ ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রাথমিক পর্যায়ে ভর্তি নিশ্চায়নকারী শিক্ষার্থীদের **আগামী ০৮-০৭-২০২৬ খ্রি. তারিখ হতে ১৩-০৭-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত (০৯-০৭-২০২৬ খ্রি., বৃহস্পতিবার এবং ১০-০৭-২০২৬ খ্রি. শুক্রবার বিশ্ববিদ্যালয় এর সাপ্তাহিক ছুটি ব্যতীত) সকাল ১০:০০ টা হতে বিকাল ০৩:০০ টার** মধ্যে নিম্নোক্ত নির্দেশনা মোতাবেক বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে (https://admission.uftb.ac.bd) অনলাইনে আবেদনপূর্বক নির্ধারিত ফি অনলাইনে পরিশোধ করে সশরীরে উপস্থিত হয়ে চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্তভাবে ভর্তি সম্পন্ন করতে ব্যর্থ হলে উক্ত শিক্ষার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

নির্দেশাবলীঃ

১. অনলাইনে ভর্তি ফরম পূরণ:

প্রার্থীদের অনলাইন চূড়ান্ত ভর্তি ফরম পূরণ আগামী ০৮-০৭-২০২৬ তারিখ, সকাল ১০:০০টা হতে ১৩-০৭-২০২৬ তারিখ, দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত চলবে। অনলাইন ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্যে প্রার্থীকে ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ-এর ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটের (https://admission.uftb.ac.bd) Login অপশনে গিয়ে GST ভর্তি পরীক্ষার আইডি, রোল নম্বর ও প্রার্থীর মোবাইলে প্রদানকৃত PIN এর মাধ্যমে লগইন করে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে।

২. ভর্তি ফি:

প্রার্থীকে চূড়ান্তভাবে ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি [প্রার্থী প্রতি ১০,০০০ (দশ হাজার) টাকা + চার্জ প্রযোজ্য] SSLCOMMERZ এর মাধ্যমে আগামী ০৮-০৭-২০২৬ তারিখ সকাল ১০:০০টা হতে ১৩-০৭-২০২৬ তারিখ দুপুর ০২:০০ ঘটিকার মধ্যে পরিশোধ করতে হবে।

ক) ভর্তি ফি সমূহ (খাতভিত্তিক বিস্তারিত):

ক্রমিক নং	খাত	টাকা
১.	**প্রাথমিক ভর্তি ফি**	৫০০০/-
২.	সেশন ফি	১২৫০/-
৩.	খেলাধুলা ফি	১০০/-
৪.	বিভাগীয় সেমিনার ফি	২০০/-
৫.	সাংস্কৃতিক ফি	১০০/-
৬.	বিএনসিসি/রোভার স্কাউট/রেঞ্জার ফি	১৫০/-
৭.	গবেষণাগার ফি	২০০/-
৮.	অনলাইন সার্ভিস ফি	৩০০/-
৯.	পরীক্ষা ফি	৫০০/-
১০.	সমিতি/ক্লাব	৫০/-
১১.	মেডিকেল ফি	১০০/-
১২.	জাতীয় ও অন্যান্য দিবস পালন	৫০/-
১৩.	পেশাগত সংগঠনের ফি	১০০/-
১৪.	গবেষণাগার উন্নয়ন ফি	১০০০/-
১৫.	শিক্ষার্থী কল্যাণ ফি	১২০০/-
১৬.	স্মার্ট আইডি কার্ড ফি	২০০/-
১৭.	বিশ্ববিদ্যালয় অবকাঠামো উন্নয়ন ফি	১০০০/-
১৮.	পরিবহন উন্নয়ন ফি	১০০০/-
১৯.	লাইব্রেরি জামানত ফি (ফেরতযোগ্য)	৫০০/-
২০.	বিভাগ উন্নয়ন ফি	২০০০/-
	মোট:	**১৫০০০/-**
২১.	**প্রাথমিক ভর্তির অগ্রিম ফি বাবদ**	(-) ৫০০০/-
	সর্বমোট:	**১০০০০/-**

খ) পেমেন্ট পদ্ধতি:

SSLCOMMERZ পেমেন্ট পদ্ধতি:

Payment Process (পরিশোধ পদ্ধতি)	
ধাপ ১	Dashboard
ধাপ ২	Click pay now button
ধাপ ৩	Get payment gateway (SSLCOMMERZ)
ধাপ ৪	Choose any payment method
ধাপ ৫	Click pay
ধাপ ৬	Type your account number
ধাপ ৭	Enter your OTP to confirm
ধাপ ৮	Now enter your PIN to confirm
ধাপ ৯	Done! you will receive a confirmation message from SSLCOMMERZ

দ্রষ্টব্য: বিভিন্ন পেমেন্ট অপশনে আবেদন ফি পরিশোধ করার পদ্ধতি বিভিন্ন রকম হতে পারে। ধারাবাহিকভাবে নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

৩. দলিলাদির সত্যতা যাচাই এবং উপস্থিতি নিশ্চিতকরণ:

ক) চূড়ান্ত ভর্তির জন্য প্রার্থীগণকে আগামী **০৮-০৭-২০২৬ তারিখ হতে ১৩-০৭-২০২৬ তারিখ (০৯-০৭-২০২৬ খ্রি., বৃহস্পতিবার এবং ১০-০৭-২০২৬ খ্রি. শুক্রবার বিশ্ববিদ্যালয় এর সাপ্তাহিক ছুটি ব্যতীত) সকাল ১০:০০ টা হতে বিকাল ০৩:০০ টার** মধ্যে ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ -এর একাডেমিক ভবন-১ (ইন্টারনেট অব থিংস এন্ড রোবটিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ-IRE ও এডুকেশনাল টেকনোলজি এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-EdTE) এবং একাডেমিক ভবন-২ (ডেটা সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-DSE, সাইবার সিকিউরিটি ইঞ্জিনিয়ারিং বিভাগ-CySE ও সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগ-SE)-এ নিম্নে উল্লিখিত সকল সনদ ও ট্রান্সক্রিপ্ট এর সত্যতা যাচাইয়ের জন্য স্ব-শরীরে উপস্থিত হতে হবে। **প্রাথমিক পর্যায়ে জমাকৃত মূল নম্বরপত্র GST অন্তর্ভুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তোলন করে আনতে হবে।** ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ এর ভর্তিসংক্রান্ত ওয়েবসাইটে অনলাইনে আবেদন সম্পন্ন করার পরে ডাউনলোড করা ভর্তি ফর্মে আবেদনকারীর নিজের ও অভিবাবকের স্বাক্ষর প্রদান পূর্বক ভর্তি ফর্মের সাথে নিম্নোক্ত সকল মূল দলিলাদি ও এর ১ (এক) সেট ফটোকপি রেজিস্ট্রার দপ্তরের ভর্তি ও রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

১. এসএসসি বা সমমানের নম্বরপত্র (মূলকপি ও ফটোকপি)
২. এসএসসি বা সমমানের সনদপত্র (মূলকপি ও ফটোকপি)
৩. এইচএসসি বা সমমানের নম্বরপত্র (মূলকপি ও ফটোকপি)
৪. এইচএসসি বা সমমানের সনদপত্র (মূলকপি ও ফটোকপি)
৫. এইচএসসি বা সমমানের প্রশংসাপত্র (মূলকপি ও ফটোকপি)
৬. এইচএসসি বা সমমানের মূল রেজিস্ট্রেশন কার্ড।
৭. **GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার পর্যবেক্ষক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র(মূলকপি)।**
৮. পাসপোর্ট সাইজের সদ্য তোলা ২ (দুই) কপি রঙিন ছবি।

খ) কোটায় ভর্তির ক্ষেত্রে:

১. কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কোটার মূল সনদপত্র।
২. আবেদনকারীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ।
৩. মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের প্রামাণিক কাগজপত্র (যেমন: ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশন/উপজেলা পরিষদ/জেলা প্রশাসন প্রদত্ত সনদপত্র)।

চূড়ান্ত ভর্তির জন্য নির্ধারিত দলিলাদির সত্যতা যাচাই এর সময় ও স্থান

তারিখ ও বার	সময়	দলিলাদি মূল্যায়নের স্থান
০৮/০৭/২০২৬ খ্রি. বুধবার	সকাল ১০:০০ টা হতে বিকাল ৩:০০ টা	**একাডেমিক ভবন-১** ইন্টারনেট অব থিংস এন্ড রোবটিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ-IRE ও এডুকেশনাল টেকনোলজি এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-EdTE
১১/০৭/২০২৬ খ্রি. শনিবার		
১২/০৭/২০২৬ খ্রি. রবিবার		**একাডেমিক ভবন-২** ডেটা সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-DSE, সাইবার সিকিউরিটি ইঞ্জিনিয়ারিং বিভাগ-CySE ও সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগ-SE
১৩/০৭/২০২৬ খ্রি. সোমবার		

রেজিস্ট্রারের কার্যালয়
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ
কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০
ওয়েব: www.uftb.ac.bd
ই-মেইল: registrar@uftb.ac.bd

Office of the Registrar
University of Frontier Technology, Bangladesh
Kaliakair, Gazipur-1750
Web: www.uftb.ac.bd
E-mail: registrar@uftb.ac.bd

৪. ভর্তি বাতিল পদ্ধতি:

ভর্তি বাতিল করার সময় বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধি মোতাবেক পাওনা অবশ্যই পরিশোধ করতে হবে।

প্রার্থীর দলিলাদিতে কোনো ভুল/অসত্য তথ্য প্রদান করলে, ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর ভর্তি বাতিল হবে ও অসত্য তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে, সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ এই প্রক্রিয়ায় আবেদন করে ভর্তি হয়েছে মর্মে পরবর্তীতে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তিসংক্রান্ত যে কোনো বিষয়ে ভর্তি কমিটির সকল সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(মুহাম্মদ আতাউর রহমান খান)
রেজিস্ট্রার ও সদস্য-সচিব
GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি ২০২৫-২৬
ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ
কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০।